

### সপ্তম দার্স

### الدرس السادس

#### ‘তায়াম্মুমঃ

#### التيام

সফরে ও বাড়ীতে অবস্থান করাকালীন ওয় অথবা গোসলের পরিবর্তে তায়াম্মুম করা জায়ে, যখন নিম্নে বর্ণিত কারণসমূহের কোন কারণ পাওয়া যাবে।

১। যখন পানি পাওয়া যায় না অথবা পানি পাওয়া যায়, কিন্তু তা পবিত্রতা হাসেলের জন্য যথেষ্ট নয়। তবে আগে পানির খোঁজ করবে, খোঁজ করার পর পাওয়া না গেলে, তায়াম্মুম করবে। অথবা পানি সম্ভিকটেই আছে কিন্তু স্থান থেকে পানি আনতে গেলে জান ও মালের ক্ষতির আশঙ্কা বোধ করে, এমতবস্তায়ও সে তায়াম্মুম করবে।

২। যদি শরীরের কোন অংশ আহত হয়, তাহলে আহত স্থান ধোবে। তবে ধোওয়াতে ক্ষতি হলে, ভিজে হাত দ্বারা আহত স্থানে মাসাহ করবে। মাসাহ করাও যদি ক্ষতিকর হয়, তাহলে অন্য স্থানগুলো ধোবে এবং এই স্থানের পরিবর্তে তায়াম্মুম করবে।

৩। যদি পানি অথবা আবহাওয়া অত্যধিক ঠান্ডা হয় আর পানি ব্যবহারে ক্ষতির আশঙ্কা থাকে, তাহলে তায়াম্মুম করবে।

৪। সাথে পানি আছে কিন্তু পান করার জন্য তা প্রয়োজন, তাহলে তায়াম্মুম করবে।

#### তায়াম্মুম করার নিয়মঃ

অন্তরে তায়াম্মুমের নিয়ত ক'রে স্বীয় তেলোদ্বয়কে একবার মাটিতে মারবে। অতঃপর মুখমন্ডল মাসাহ করবে। তারপর বাম হাতের তেলোকে ডান হাতের উপর এবং ডান হাতের তেলোকে বাম হাতের উপর বুলিয়ে নেবে।

যে জিনিসে ওয় নষ্ট হয়, সে জিনিসে তায়াম্মুমও নষ্ট হয়ে যাবে। অনুরূপ যে ব্যক্তি পানি না পেয়ে তায়াম্মুম করেছিল, সে যদি নামাযের পূর্বে অথবা নামায পড়াকালীন পানি পেয়ে যায়, তার তায়াম্মুম নষ্ট হয়ে যাবে। তবে নামায সমাপ্তির পর পানি পেলে তার নামায শুন্দ গণ্য হবে, তাকে নামায পুনরায় পড়তে হবে না।